গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মাদক-১ শাখা
www.ssd.gov.bd

নং- ৫৮.০০.০০০০.০৬১.০১০.০০১.১৬. ৯৩

তারিখ: ০২ চৈত্র, ১৪২৭ / ১৬ মার্চ, ২০২১

বিষয়ঃ 'ধূমপান ও তামাকজাতদ্রব্য ব্যবহার/নিয়ন্ত্রণ আইন, ২০০৫' বাস্তবায়নের মাসিক অগ্রগতি প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'ধূমপান ও তামাকজাতদ্রব্য ব্যবহার/নিয়ন্ত্রণ আইন, ২০০৫' বাস্তবায়নের লক্ষ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তরসমূহের সমন্বয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিতে গত ১৫/১২/২০১৬ তারিখে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন মাসিক অগ্রগতি প্রেরণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনস্থ ০৮(আট) টি অধিদপ্তর বরাবর পত্র প্রেরণ করা হয়। কোস্টগার্ড নিয়মিত প্রতিবেদন প্রেরণ করলেও অন্যান্য সংস্থা/অধিদপ্তর হতে নিয়মিত মাসিক প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করা হচ্ছে না।

০২। এমতাবস্থায়, 'ধূমপান ও তামাকজাতদ্রব্য ব্যবহার/নিয়ন্ত্রণ আইন, ২০০৫' বাস্তবায়নের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১৫/১২/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে নিয়মিত মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে.....০২ (দুই)......ফর্দ।

(মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩২২৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
২। মহাপরিচালক, বর্ডারগার্ড, বাংলাদেশ, পিলখানা, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড, আগারগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৫। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ৪১, সেগুনবাগিচা, ঢাকা।
৬। মহাপরিচালক, আনসার ও ভিডিপি সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৭। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশী বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০০১.২০২০-২৯৩

তারিখঃ ১৮ চৈত্র ১৪২৭ / ০১ এপ্রিল '২০২১

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগের মাদক-১ শাখা এর পত্র নং-৫৮.০০.০০০০.০৬১.০১০.০০১.২০১৬-৯৩ তারিখ: ১৬-৩-২০২১ এর অনুলিপি সংযুক্তিসহ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। প্রকল্প পরিচালক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
২। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর। পত্রের মর্মানুযায়ী আপনার অধীনস্থ কারাগারসমূহে অনুলিপি প্রেরণপূর্বক বর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করে উহার অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ০১(এক) তারিখে মধ্যে সংগ্রহ করে একত্রিভূত তালিকা অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৩। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ একাডেমি, রাজশাহী।
৪। সিনিয়র জেল সুপার/ জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার
৫। সহকারী কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৬। পরিচালক, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট, ঢাকা।
৭। প্রশাসনিক কর্মকর্তা-১ ও ২/ বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা। উল্লিখিত স্মারকটি কারা বিভাগের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
১০। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতিমাসের ০১(এক) তারিখের মধ্যে প্রশাসন শাখায় প্রদানের জন্য অনুরোধ করা হলো।
১১। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক এবং কারা উপ মহাপরিদর্শক (স:দ:) মহোদয়ের সদয় অবগতির জন্যে।
১২। গার্ড ফাইল।

০১/০৪/২০২১
মোঃ মাইন উদ্দিন ভূঁইয়া
বিজে-০১৮৫১২০০৫৪১
সহকারী কারা মহাপরিদর্শক(প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক।
aig.adm@prison.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৪

নং-৪৪.০০.০০০০.০২২.১০.০০১.২০১৬-০৪

তারিখ ঃ ০২ জানুয়ারি ২০১৭

বিষয় ঃ ধূমপান ও তামাকজাতদ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ বাস্তবায়নের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তরসমূহ-কে নিয়ে গত ১৫/১২/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ১৫/১২/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভায় 'ধূমপান ও তামাকজাতদ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫' বাস্তবায়নে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

১. স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীনস্থ প্রত্যেক বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর-এ 'ধূমপান ও তামাকজাতদ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫' বাস্তবায়নের লক্ষ্যে একজন ফোকাল পার্সন নির্বাচনপূর্বক তা মন্ত্রণালয়কে অবহিত করবে;
২. প্রত্যেক বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর তাদের মাসিক রিপোর্টে 'ধূমপান ও তামাকজাতদ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫' বাস্তবায়নের চিত্র তুলে ধরে মাসের ১০-১২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে এবং ফোকাল পার্সন এ সকল কাজের সমন্বয় সাধন করবেন এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও দপ্তরের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করবেন;
৩. পুলিশ হেডকোয়ার্টার্সের মাসিক ক্রাইম রিপোর্টে 'ধূমপান ও তামাকজাতদ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫' অন্তর্ভুক্ত করবে এবং সে অনুযায়ী প্রতিবেদন প্রদানের জন্য নির্দেশনা প্রদান করবে;
৪. সংশ্লিষ্ট সকল দপ্তর অধিনস্থ বাহিনীর সকল সদস্য যাতে ইউনিফরম পরিহিত অবস্থায় ধূমপান থেকে বিরত থাকে তা পৃথক পৃথক অনুশাসন জারির মাধ্যমে নিশ্চিত করবে যাতে জনমনে আইন প্রতিপালনের ব্যাপারে কোন সংশয়ের সৃষ্টি না হয়;
৫. মন্ত্রণালয়ের প্রত্যেক বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এ "ধূমপান হইতে বিরত থাকুন, ইহা শাস্তিযোগ্য অপরাধ" সম্বলিত নোটিশ প্রদর্শন করার ব্যবস্থা করবে। (নোটিশের নমুনা জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল এর ওয়েবসাইটে পাওয়া যাবে; web site: http://ntcc.govbd) এবং বিভাগীয়/দপ্তর প্রধানগণ তাদের দপ্তর সম্পূর্ণরূপে ধূমপান/তামাক মুক্ত রাখবেন। (তবে ক্ষেত্র বিশেষে অত্যাবশ্যক মনে করলে দপ্তর প্রধান আইনের বিধান অনুসরণপূর্বক ধূমপানের জন্য স্থান নির্ধারণ করতে পারে।)
৬. মন্ত্রণালয়ের প্রত্যেক বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর ট্রেনিং কারিকুলাম এ তামাক নিয়ন্ত্রণ আইন অন্তর্ভুক্ত করবে এবং তা বাস্তবায়ন করবে। সংশ্লিষ্ট সকল দপ্তর এর অধীনস্থ কর্তৃত্ব প্রাপ্ত কর্মকর্তাদেরকে 'ধূমপান ও তামাকজাতদ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫' এর আওতায় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করবে এবং নিয়মিত মামলা দায়েরের জন্য উৎসাহিত করবে।

০২। উক্ত সিদ্ধান্তসমূহের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

০২/০১/১৭
(ফেরদৌস রওশন আরা)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩২২৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
২। মহাপরিচালক, বর্ডারগার্ড, বাংলাদেশ, পিলখানা, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড, আগারগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
৫। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
৬। মহাপরিচালক, আনসার ও ভিডিপি সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
৭। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর,ঢাকা।
৮। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

-৬৫-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৪

ধূমপান ও তামাকজাতদ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ বাস্তবায়নের লক্ষ্যে এ মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তরসমূহের সমন্বয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি ঃ ড. রাখাল চন্দ্র বর্মন
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

সভার তারিখ ও সময় ঃ ১৫ ডিসেম্বর ২০১৬, বিকাল ৩.০০ ঘটিকা

উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংযুক্ত (পতাকা-ক)।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। সভায় ধূমপান ও তামাকজাতদ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন ২০০৫ বাস্তবায়নের জন্য উপস্থিত সদস্যগণের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। অতঃপর ' ধূমপান ও তামাকজাতদ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫' বাস্তবায়নে উপস্থিত প্রতিনিধিগণের মতামতের ভিত্তিতে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১. এ মন্ত্রণালয়ের অধীনস্থ প্রত্যেক বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর-এ ' ধূমপান ও তামাকজাতদ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫' বাস্তবায়নের লক্ষ্যে একজন ফোকাল পার্সন নির্বাচনপূর্বক তা মন্ত্রণালয়কে অবহিত করবে;

২. প্রত্যেক বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর তাদের মাসিক রিপোর্টে ' ধূমপান ও তামাকজাতদ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫' বাস্তবায়নের চিত্র তুলে ধরে মাসের ১০-১২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে এবং ফোকাল পার্সন এ সকল কাজের সমন্বয় সাধন করবেন এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও দপ্তরের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করবেন;

৩. পুলিশ হের্ডকোয়ার্টার্সের মাসিক ক্রাইম রিপোর্টে ' ধূমপান ও তামাকজাতদ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫' অন্তর্ভুক্ত করবে এবং সে অনুযায়ী প্রতিবেদন প্রদানের জন্য নির্দেশনা প্রদান করবে;

৪. সংশ্লিষ্ট সকল দপ্তর অধিনস্থ বাহিনীর সকল সদস্য যাতে ইউনিফরম পরিহিত অবস্থায় ধূমপান থেকে বিরত থাকে তা পৃথক পৃথক অনুশাসন জারির মাধ্যমে নিশ্চিত করবে যাতে জনমনে আইন প্রতিপালনের ব্যাপারে কোন সংশয়ের সৃষ্টি না হয়;

৫. মন্ত্রণালয়ের প্রত্যেক বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এ "ধূমপান হইতে বিরত থাকুন, ইহা শাস্তিযোগ্য অপরাধ" সম্বলিত নোটিশ প্রদর্শন করার ব্যবস্থা করবে। (নোটিশের নমুনা জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল এর ওয়েবসাইটে পাওয়া যাবে; web site: http://ntcc.govbd) এবং বিভাগীয়/দপ্তর প্রধানগণ তাদের দপ্তর সম্পূর্ণরূপে ধূমপান/তামাক মুক্ত রাখবেন। (তবে ক্ষেত্র বিশেষে অত্যাবশ্যাক মনে করলে দপ্তর প্রধান আইনের বিধান অনুসরণপূর্বক ধূমপানের জন্য স্থান নির্ধারণ করতে পারে।)

Tamak Control Ain

৬. মন্ত্রণালয়ের প্রত্যেক বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর ট্রেনিং কারিকুলাম এ তামাক নিয়ন্ত্রণ আইন অন্তর্ভুক্ত করবে এবং তা বাস্তবায়ন করবে। সংশ্লিষ্ট সকল দপ্তর এর অধীনস্থ কর্তৃত্ব প্রাপ্ত কর্মকর্তাদেরকে ' ধূমপান ও তামাকজাতদ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫' এর আওতায় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করবে এবং নিয়মিত মামলা দায়েরের জন্য উৎসাহিত করবে।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০২/০১/২০১৭

(ড. রাখাল চন্দ্র বর্মন)
অতিরিক্ত সচিব (প্রশাসন)